

1 (Sem-3) BEN

2024

BENGALI

Paper : BEN0300104

( বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ )

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো : ১×৮=৮

(ক) বুদ্ধদেব বসু জীবনে প্রথম 'ছন্দের আনন্দ'-এর কথা জানতে পেরেছিলেন কোন্ বই পড়ে?

(খ) বুদ্ধদেব বসু কাকে 'রামায়ণের বাংলা রূপকার' বলে উল্লেখ করেছেন?

(গ) 'বনলতা সেন' কবিতায় চিল কীসের গন্ধ ডানা থেকে মুছে ফেলেছিল বলে উল্লিখিত হয়েছে?

(ঘ) জীবনানন্দ দাশের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(ঙ) ইন্দ্রনাথের 'ভবঘুরে' বন্ধুটির নাম কী ছিল?

A25/237A

( Turn Over )

- (চ) কত বছর বয়সে ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তের সাক্ষাৎ হয়েছিল ?
- (ছ) 'দি গ্রেট বেঙ্গল অপেরা'র মালিক বা স্বত্বাধিকারী কে ছিলেন ?
- (জ) নাট্যশালার কঠরোধ করার জন্য ব্রিটিশ সরকার কত সালে অর্ডিন্যান্স জারি করেছিল ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো (যে কোনো ছয়টি) :

২×৬=১২

- (ক) অবনীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি গ্রন্থের নাম লেখো।
- (খ) বুদ্ধদেব বসু কাকে 'সুকুমার রায়ের উত্তরসাধক' বলেছেন ? তাঁর রচিত একটি বইয়ের নাম উল্লেখ করো।
- (গ) "আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিলো।" এখানে কবিকে কে শান্তি দিয়েছিল ? তাঁর বাড়ি কোথায় ছিল ?
- (ঘ) জীবনানন্দের কবিতায় উল্লিখিত ভারতের যে কোনো দুটি প্রাচীন নগরীর নাম লেখো।
- (ঙ) অননাদিদির স্বামীর নাম কী ? তিনি কী কাজ করতেন ?
- (চ) বহুরূপী সেজেছিলেন কে ? তাঁর বাড়ি কোথায় ?
- (ছ) শ্রীকান্তের দুজন পিসতুতো ভাইয়ের নাম লেখো।
- (জ) কোন্ পত্রিকা, কাকে 'বাংলার গ্যারিক' বলে উল্লেখ করেছিল ?

- (ঝ) অমৃতলাল বসুকে কী নামে ডাকা হতো? তোমাদের পঠিত নাটকে তাঁর কোন্ নাটকের উল্লেখ পাওয়া যায়?
- (ঞ) বেঙ্গল অপেরায় নাটক শেখাতে আসা লোকটির নাম কী? তাঁর রচিত নাটকটির নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো (যে কোনো চারটি) :  $৫ \times ৪ = ২০$

- (ক) “বিশ্ববাসী বান্দীকির পাশে কৃতিবাস বাঙালি মাত্র।”  
বুদ্ধদেব বসুর ‘রামায়ণ’ প্রবন্ধ অনুসরণে কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) অবনীন্দ্রনাথের শিশুসাহিত্যের বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (গ) ‘গোধূলি সন্ধির নৃত্য’ কবিতা অবলম্বনে হরীতকী বনে কী ঘটেছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও।
- (ঘ) ‘রাত্রি’ কবিতা অবলম্বনে মহানগরীর রাতের বিবরণ দাও।
- (ঙ) মেজদার তত্ত্বাবধানে শ্রীকান্ত ও অন্যান্যদের পড়াশুনার যে ছবি উপন্যাসে বিবৃত হয়েছে তা বিশদ করো।
- (চ) ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তের মাছ ধরতে যাওয়ার কাহিনি সংক্ষেপে বর্ণনা করো।
- (ছ) শ্যামবাজারের চক্কোত্তিবাবুদের বাড়িতে অনুষ্ঠিত ‘বিদ্যাসুন্দর পালা’-সম্পর্কিত ঘটনাবলীর বিবরণ দাও।
- (জ) টীকা লেখো : নিমচাঁদ অথবা মানদাসুন্দরী

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো (যে কোনো দুটি) :  $১০ \times ২ = ২০$

(ক) বুদ্ধদেব বসুর অনুসরণে বাংলা শিশুসাহিত্যের পরিচয় দাও।

(খ) জীবনানন্দের 'শিকার' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) জীবনানন্দের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থের অন্তর্গত 'বোধ' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

(ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের অনন্যদাদিদি চরিত্রটি অঙ্কন করো।

(ঙ) 'টিনের তলোয়ার' নাটকের ময়না চরিত্রটির গুরুত্ব বিচার করো।

★ ★ ★